# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
## মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/সি-২৬/২০১৭/১৫৪০৩ তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

বাদেদেওরাইল ফুলতলী কামিল মাদরাসা, ডাকঘর: বাদেদেওরাইল, উপজেলা: জকিগঞ্জ, জেলা: সিলেট-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস ও তাফসীর বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ৩০-০৭-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস ও তাফসীর বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর সৌন্দর্যবর্ধন করত: প্রতিষ্ঠানের অবকাঠামোর উন্নয়নসহ একাডেমিক কার্যক্রমকে আরও ত্বরান্বিত করতে হবে;
২. জরুরিভিত্তিতে মাদরাসার গ্রন্থাগারটি সম্প্রসারণসহ গ্রন্থাগারটিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে;
৩. সকল শিক্ষকদের জন্য পৃথক ড্রয়ারের ব্যবস্থাকরণের পাশাপাশি প্রত্যেক শ্রেণিকক্ষের ব্ল্যাকবোড/হোয়াইটবোর্ড সংস্কারসহ মাদরাসার শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য আলাদা আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে;
৪. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করার পাশাপাশি পূর্বে প্রদানকৃত শর্তসমূহ বাস্তবায়ন করতে হবে;
৫. প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সঙ্গে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্থকরণের চর্চাকে নিয়মিত করতে হবে;
৬. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
৭. আর্থিক সকল কার্যক্রম ফাইল নোটের মাধ্যমে করত: ক্যাশ-কলামনার বই, বিল ভাউচারগুলো যথাযথভাবে পূরণ ও সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে;
৮. ক্যাম্পাসকে পরিস্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি ক্লাসরুমগুলোতে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থাগ্রহণসহ পুরনো কক্ষ-দরজা-জানালাগুলো ডেকোরেশন ও প্রয়োজন অনুযায়ী মেরামত করতে হবে;
৯. শিক্ষক, শিক্ষার্থীদের জন্য আবাসনের ব্যবস্থা বর্ধিতকরণের পাশাপাশি হোস্টেল ব্যবস্থা আধুনিকায়ন করতে হবে এবং হোস্টেলে অবস্থানরত শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের জন্য মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
১০. অতি দ্রুততম সময়ের মধ্যে একজন আইসিটি শিক্ষক নিয়োগের ব্যবস্থা করত: আধুনিক সরঞ্জামাদিসহ একটি কম্পিউটার ল্যাবের ব্যবস্থা করার পাশাপাশি আধুনিক সরঞ্জামাদিসহ শিক্ষার্থীদের খেলাধুলার জন্য একটি সুনির্দিষ্ট মাঠের ব্যবস্থা করতে হবে;
১১. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি তাদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১২. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
১৩. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও ডিজিটাল হাজিরা, প্রজেক্টর, সিসি টিভির ব্যবস্থা করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১৪. মেয়ে শিক্ষার্থীদের যাতায়াতের জন্য বিকল্প গেইটের ব্যবস্থা করার পাশাপাশি প্রত্যেক শ্রেণিকক্ষের দরজায় ক্লাসের নাম বাংলা ও আরবি লেখা সম্বলিত নেমপ্লেট স্থাপন করতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১৫. প্রত্যেক শ্রেণিতে সুনির্দিষ্ট ক্লাস রুটিনের ব্যবস্থাগ্রহণ ও ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়ানোর পাশাপাশি ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, ক্লাসে তাদের উপস্থিতি নিশ্চিতকরণ এবং সকল ক্লাসের সন্তোষজনক ফলাফল করতে শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পর্ষদকে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে;
১৬. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৮/১০/১১/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, বাদেদেওরাইল ফুলতলী কামিল মাদরাসা
ডাকঘর: বাদেদেওরাইল, উপজেলা: জকিগঞ্জ, জেলা: সিলেট।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/সি-২৬/২০১৭/১৫৪০৩ তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, বাদেদেওরাইল ফুলতলী কামিল মাদরাসা, ডাকঘর: বাদেদেওরাইল, উপজেলা: জকিগঞ্জ, জেলা: সিলেট।
৭. অফিস নথি।

১৭.১১.২০২৫

(সোমা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৬৭৯ ৮৬৮৬৬৩